The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 839 | 11 October 2024 | শুক্রবার ২৬ আশ্বিন ১৪৩১



New Yorkers think Eric Adams should resign

>> Page 24



Community activists rally to demand closure of alleged brothel in Corona

>> Page 25



US election feels reverberations of Middle East conflict

>> Page 25

Freeze accounts of Bashundhara Group chairman, MD, family

>> Page 24



# গুজবে ভাসছে বাংলাদেশ

মনোয়ারুল ইসলাম/মাসুদ করিম, *ঢাকা থেকে*

## সাধারন মানুষ উদ্বিগ্ন ও উৎকন্ঠিত




গুজব মোটেও ঠেকানো যাচ্ছে না। ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ছে। কখনও ভুল করে, কখনও ইচ্ছাকৃতভাবে অপতথ্য ছড়িয়ে কিংবা কখনও সঠিক তথ্য উদ্দেশ্যমূলকভাবে সামাজিক মাধ্যমে রটানো হচ্ছে। রাজনীতি কিংবা ধর্মীয় উসকানিসহ নানা মিথ্যা তথ্যে সয়লাব সোস্যাল মিডিয়া। রীতিমত গুজবের সাগরে ভাসছে বাংলাদেশ। এসব নিয়ে সাধারন মানুষ খুবই বিভ্রান্ত হচ্ছেন। যদিও প্রথম সারির সংবাদপত্র কিংবা টেলিভিশন চ্যানেল এসব তথ্য পরিবেশন করছে না। তবুও অনেক কিছুই ভাইরাল হচ্ছে। সোস্যাল মিডিয়ার পোষ্টে ছবি কিংবা ভিডিও এডিট করে জুড়ে দেয়া হচ্ছে। তার ক্রিয়া-প্রতিক্রিয়াও হচ্ছে।

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও সেনাপ্রধানের দ্বন্দ্বের দাবি ঘিরে গত মঙ্গলবার সামাজিক যোগাযোগমাধ্যমে অনেকে গুজব ছড়িয়েছেন। বাংলাদেশে তথ্য যাচাইকারী বা ফ্যাক্ট চেকার প্রতিষ্ঠান রিউমার স্ক্যানার প্রধান উপদেষ্টা ও সেনাপ্রধানের কথিত দ্বন্দ্বের বিষয়টি নিয়ে অন্তত আটটি গুজব প্রচারের প্রমাণ পেয়েছে। রিউমার স্ক্যানারের প্রতিবেদনে বলা হয়, ঘটনার সম্ভাব্য শুরু মঙ্গলবার। বেলা তিনটার কিছু পর ফেসবুকের কিছু পোস্টের ভাষ্য এমন ছিল, 'হটাৎ ঢাকা যমুনাতে সেনাবাহিনী টাংক নিয়ে বসে আছে ব্যাপার কি।' সন্ধ্যার পরও একই দাবি প্রচার করে ফেসবুকে।

গত বুধবার রাত নয়টার পর থেকে ফেসবুকে প্রচার হতে থাকে যে 'রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ড. ইউনূসকে ঘিরে সেনাবাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাদের রুদ্ধশ্বাস বৈঠক চলছে। বিক্ষুব্ধ আর্মি অফিসাররা ইউনূসকে বিভিন্ন বিষয়ে জিজ্ঞাসাবাদ করছেন।' ফেসবুকে দাবি করা হয়, 'গত দুই মাসে

↘ *এরপর ৫০ পৃষ্ঠায়*

# মেয়র এডামস'র অফিসে পদত্যাগের হিড়িক

হাসান মাহমুদ







নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামসের বিরুদ্ধে অভিযোগ উত্থাপনের ঠিক আগে এবং পরে গুরুত্বপূর্ণ তাঁর ঘনিষ্ঠ ব্যক্তিবর্গের পদত্যাগের হিড়িক পড়েছে। নিউইয়র্ক পুলিশ এনওয়াইপিডি'র কমিশনার অ্যাডওয়ার্ড ক্যাবানের বাসায় এফবিআই অভিযান চালাবার পর গত ১২ সেপ্টেম্বর তিনি পদত্যাগ করেন। এটি ছিল নিউইয়র্কে মেয়রের অত্যন্ত ঘনিষ্ঠ কোন ব্যক্তির আলোচিত পদত্যাগের ঘটনা। মেয়রের বিরুদ্ধে আনিত ঘুষ ও দুর্নীতির মামলায় তাকে আদালতে হাজির হবার আদেশ দিলে তিনি গত ২৭ সেপ্টেম্বর প্রথমবার আদালতে হাজির হন এবং নিজেকে নির্দোষ দাবি করেন। তারপর থেকে চারদিক থেকে তাঁকে পদত্যাগ করার চাপ আসতে থাকে। এরই মধ্যে নিউইয়র্ক সিটির দুই ডেপুটি মেয়র ফিলিপ ব্যাংকস, যিনি এরিক অ্যাডামসের ঘনিষ্ঠ বন্ধু এবং সাবেক পুলিশ কর্মকর্তা এবং শিনা রাইট পদত্যাগ করেন। এই পদত্যাগের পর ঝড় উঠে চারদিকে। আদালতে মেয়রের বিরুদ্ধে অভিযোগ শুনানির আগেই তার চারপাশ শূন্য হতে থাকে। মেয়র এরিক অ্যাডামস গত ৭ অক্টোবর বলেন, ডেপুটি মেয়র ফর পাবলিক সেফটি ফিলিপ ব্যাংকসের পদত্যাগপত্র তিনি গ্রহণ করেছেন। তবে শিনা রাইটস-এর পদত্যাগের বিষয়টি নিয়ে এখনো মেয়র কোন মন্তব্য

↘ *এরপর ৩৭ পৃষ্ঠায়*




# শিল্পপতি রতন টাটা আর নেই

আজকাল ডেস্ক

ভারতের শিল্পপতি রতন টাটা মারা গেছেন। গত ৯ অক্টোবর রাতে ৮৬ বছর বয়সে তিনি মারা

↘ *এরপর ২৬ পৃষ্ঠায়*

## হোম ও এডাল্ট ডে কেয়ারে দুর্নীতি

# ৬৮ মিলিয়ন ডলার প্রতারণায় গ্রেপ্তার ৮

আজকাল রিপোর্ট



সোশ্যাল এডাল্ট ডে কেয়ার এবং হোম হেলথ কেয়ার স্কিমের ৬৮ মিলিয়ন ডলার প্রতারণায় জড়িত ৮ জনকে চিহ্নিত করে গ্রেপ্তার করা হয়েছে। নিউইয়র্কের ব্রুকলিন কেন্দ্রিক এই বিশাল চাঞ্চল্যকর প্রতারণার ঘটনায় তোলপাড় চলছে। ইউএস অ্যাটর্নি অফিস, নিউইয়র্ক ইস্টার্ণ ডিস্ট্রিক্ট পুরো ঘটনায় জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক সবকিছু করার প্রস্তুতি নিয়েছে বলে জানা গেছে। মার্কেটাররা প্রাপ্তবয়স্কদের জন্য 'মেডিকেড' প্রাপকদের কথা উল্লেখ করে অবৈধ পেমেন্ট গ্রহণ করেছে।

আসামিদের বিরুদ্ধে ব্রুকলিনের ফেডারেল আদালতে অভিযোগ উত্থাপন করা হয়েছে। সোশ্যাল এডাল্ট ডে কেয়ার এবং হোম হেলথ কেয়ার মেডিকেড স্কিমে প্রায় ৬৮ মিলিয়ন ডলার প্রতারণার পরিকল্পনায় জড়িত থাকায়

↘ *এরপর ২৬ পৃষ্ঠায়*

# ভারতে ট্রাভেল ডকুমেন্ট পেলেন হাসিনা




আজকাল ডেস্ক

ছাত্র জনতার হাতে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে ট্রাভেল ডকুমেন্ট দিয়েছে তার বর্তমান আশ্রয়দাতা দেশ ভারত। বঙ্গবন্ধুকন্যা শেখ রেহানা পরিবারের ঘনিষ্ঠ, যুক্তরাজ্য আওয়ামী লীগের একজন প্রভাবশালী নেতা গত বুধবার নাম প্রকাশ না করার শর্তে সংবাদিকদের বিষয়টি নিশ্চিত করেন। সাধারণত কোনও দেশে কেউ আশ্রয়প্রার্থী হলে

↘ *এরপর ৫৫ পৃষ্ঠায়*

# ১১ কোটি বাংলাদেশির তথ্য বিক্রি

আজকাল ডেস্ক

নির্বাচন কমিশনের ডেটা সেন্টারে সংরক্ষিত বাংলাদেশি ১১ কোটির বেশি নাগরিকের জাতীয় পরিচয়পত্রে (এনআইডি) দেয়া ৪৬ ধরনের ব্যক্তিগত তথ্য বেআইনি ভাবে বিক্রি হয়েছে। এ সংশ্লিষ্টদের ২০

↘ *এরপর ৫৫ পৃষ্ঠায়*

# সোসাইটির নির্বাচনে হাড্ডাহাড্ডি লড়াই

আজকাল রিপোর্ট



বাংলাদেশ সোসাইটির নির্বাচন ২৭ অক্টোবর রোববার। প্রায় ১৯ হাজার প্রবাসী বাংলাদেশি ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন। এ নির্বাচনে সেলিম আলী ও রুহুল মিন্টু প্যানেল সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করছে। ঘুম হারাম করে প্রার্থীরা ছুটছেন ভোটারদের আঙ্গিনায়। টেলিফোন কল, ডোর টু ডোর নক চলছে সমান্তরালে। অবশ্য ফোন কল নিয়ে ভোটাররা বিরক্তি প্রকাশ করেছেন। একাধিক ভোটার সোশাল মিডিয়ায় বলেছেন, সোসাইটির নির্বাচন নিয়ে রোবো কল নিয়ে আমরা অতিষ্ঠ। তাদের সময় জ্ঞান নাই। মধ্যরাতে কল আসে ভোট চেয়ে। প্রতিদিন বিভিন্ন এলাকায় প্রচারমূলক সভাতো আছেই।

বাংলাদেশি অধ্যুষিত এলাকা হিসেবে পরিচিত ব্রুকলিনের চার্চ ম্যাকডোনাল্ডস, জামাইকা, ওজন পার্ক. জ্যাকসন হাইটস, ব্রংকসের পার্ক চেষ্টার এখন নির্বাচনী ডামাঢোলে জমজমাট। চায়ের কাপে ঝড় উঠছে নির্বাচনের চুলছেড়া বিশ্লেষনে। সভাপতি প্রার্থী আতাউর রহমান সেলিম ও রুহুল আমিন সিদ্দিকী উভয়েই সংগঠনের সাধারন সম্পাদক হিসেবে দায়িত্ব

↘ *এরপর ৩৭ পৃষ্ঠায়*

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312033

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St. Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com


Marks Home Care
মার্কস্ হোম কেয়ার
MHC
আমরা নূতন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করিছি।
We Welcome
Agency Transfers
and New Clients.
প্রশিক্ষণ এবং সার্টিফিকেট
ছাড়াই উপার্জনের সুযোগ।
প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ
স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে
আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা
বিস্তারিত জানতে কল করুন
718-734-8777
E-mail : info@markshhc.com | www.markshhc.com
Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472
1514 Castle Hill Ave
Bronx, NY 10462
2002 Mcgraw Ave
Bronx, NY 10462
721 E Tremont Ave
Bronx, NY 10457
Brooklyn
219 Church Ave
Brooklyn, NY 11218
1208 Liberty Ave
Brooklyn, NY 11208
1122 Coney Island Ave
Suite 220 (2nd Fl.)
Brooklyn, NY 11230
1104 Liberty Ave
Brooklyn, NY 11208
6910 5th Ave (2nd Fl.)
Brooklyn NY 11209
1061 Flatbush Ave
Brooklyn NY 11226
Hicksville
217 Bethpage Road
Hicksville, NY 11801
Binghamton
61 Washington Ave
Endicott, NY 13760
Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368
37-20 74th Street
Jackson Heights, NY 11372
148-37 Hillside Ave
Jamaica, NY 11435
Rochester
504 W Main St
Rochester, NY 14608
Manhattan
1791 Lexington Ave
New York, NY 10029
1267 St Nicholas Ave
New York, NY 10033
Buffalo
1049 Broadway St. Suite # 4
Buffalo, NY 14212
96 Grant St.
Buffalo. NY 14213
* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক





Captain Mahfuzul Haque

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

**We speak Spanish, Urdu, Hindi & Arabic**







আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

**1217 Liberty Avenue, Brooklyn, NY 11208**

# সরকার আসে, সরকার যায়, ভবদহবাসীর দুঃখ যায় না

সোহরাব হাসান

একসময় খেজুরের রস ও গুড়ের জন্য বিখ্যাত ছিল যশোর, এখন ফুলের জন্য। কেবল গদখালী ফুলের বাজারে প্রতিদিন কোটি টাকার বেশি ফুল বিক্রি হয়। গোলাপ, গ্লাডিওলাস, রজনীগন্ধা, জারবেরা, চন্দ্রমল্লিকাসহ বাহারি সব ফুল। যশোরের ফুলে ঢাকা সুবাসিত।

রাজধানী ঢাকা বা এর আশপাশের জনপদ এখন ঘটন-অঘটনে উত্তাল। সেই তুলনায় যশোর নিস্তরঙ্গ। গত ৫ আগস্টের গণ-অভ্যুত্থানের ঢেউ আছড়ে পড়ে পশ্চিম সীমান্তবর্তী এই শহরেও। ওই দিন বিকেলে ছাত্র-জনতা বিজয় মিছিল বের করেন। মিছিলটি সাবেক সংসদ সদস্য শাহীন চাকলাদারের মালিকানাধীন জাবির ইন্টারন্যাশনালের কাছে পৌঁছালে সেখান থেকে কিছু লোক গিয়ে হোটেলে হামলা চালান। প্রথম দলটি যখন হোটেলের ভেতরে ঢুকে লুটপাট করছিল, তখনই আরেক দল নিচে আগুন দেয়। এ সময় ওপরে থাকা মানুষগুলো আগুনে পুড়ে মারা যান। ফায়ার সার্ভিস ২৪টি পুড়ে যাওয়া লাশ উদ্ধার করে। আন্দোলনে অংশ নেওয়া যশোর সিটি কলেজের ছাত্র মারুফ হোসেন বলেছেন, তাঁর কয়েকজন বন্ধুও আগুনে পুড়ে মারা গেছেন, যাঁরা হোটেলের ওপরতলায় গিয়েছিলেন হোটেলটি দেখতে।

আওয়ামী লীগ ক্ষমতায় থাকতে শাহীন চাকলাদার এলাকাবাসীর ওপর অনেক অত্যাচার-নির্যাতন চালিয়েছেন। মানুষ তাঁর ওপর ক্ষুব্ধ ছিল। এ কারণেই তাঁর হোটেলে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। আওয়ামী লীগের অন্য নেতাদের বাড়ি-অফিস নিরাপদই আছে।

সম্প্রতি প্রথম আলো-শিখো আয়োজিত জিপিএ-৫ সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিতে গিয়ে যশোরের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে কথা হয়। জানতে চাই, ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের পর যশোরে কী পরিবর্তন এল? তাঁরা বলেন, পরিবর্তনের মধ্যে এটুকু হয়েছে, আগে যাঁরা দখলবাজি-চাঁদাবাজি করতেন, তাঁরা দৃশ্যের আড়ালে চলে গেছেন, নতুন একদল মানুষ সেই শূন্যস্থান পূরণ করেছে।

আন্দোলনে নেতৃত্বদানকারী সমন্বয়কদের সম্পর্কে জানতে চাইলে এক সাংবাদিক সহকর্মী বলেন, তাঁদের একাংশ আছে বিএনপির সঙ্গে, আরেক অংশ জামায়াতের সঙ্গে। ঢাকা থেকে কেন্দ্রীয় সমন্বয়কেরা এলে একসঙ্গে বসেন। অন্যথায় আলাদা কর্মসূচি পালন করেন। রাজনৈতিক পটপরিবর্তনের পর বেনাপোলের সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন প্রভাতি সংঘের কার্যালয় দখল করে নিয়েছিলেন ছাত্রদল ও যুবদলের নেতা-কর্মীরা। প্রথম আলোয় সেই খবর ছাপা হওয়ার পর সেটি দখলমুক্ত করা হয়। এ ব্যাপারে বিএনপির নেতা অনিন্দ্য ইসলামের ভূমিকা ছিল প্রশংসনীয়। দলের যেসব নেতা-কর্মী চাঁদাবাজি দখলবাজির সঙ্গে যুক্ত ছিলেন, তাঁদের বহিষ্কার করেছেন তিনি।

হোয়াংহো নদী যেমন চীনের দুঃখ ছিল, তেমনি ভবদহের জলাবদ্ধতা এলাকাবাসীর স্থায়ী যন্ত্রণায় পরিণত হয়েছে। বছরের বেশির ভাগ সময় ১০ লাখের মতো মানুষ পানিবন্দী জীবন যাপন করেন। অনেকে জীবিকা হারিয়েছেন। অনেকে এলাকা ছেড়ে চলে গেছেন। জলাবদ্ধতা নিরসনের উপায় কী? সংগ্রাম কমিটির প্রধান উপদেষ্টা ইকবাল কবির (জাহিদ) বললেন, টিআরএম বা টাইডাল রিভার ম্যানেজমেন্ট (জোয়ারাধার) বা খাল কেটে জমা পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে। আওয়ামী লীগ সরকারের আমলে প্রকল্প নেওয়া হলেও সাবেক প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য ও সাবেক সচিব কবির আনোয়ার সেটি করতে দেননি। তাঁরা হামলার নাটক সাজিয়ে টিআরএম বন্ধ করে দেন।



কেননা, টিআরএম চালু থাকলে তাঁরা যে নদী খনন প্রকল্পের নামে প্রতিবছর কোটি কোটি টাকা হাতিয়ে নেন, সেটি বন্ধ হয়ে যাবে।

যশোর ইনস্টিটিউটে আলাপকালে ইকবাল কবির আরও বলেন, সরকার আসে, সরকার যায়, কিন্তু ভবদহবাসীর দুঃখের অবসান হয় না। ভবদহ অঞ্চলের নদী, পানি ব্যবস্থাপনা, প্রাণপ্রকৃতি, জীববৈচিত্র্য বাঁচাতে তাঁরা গত ৮ সেপ্টেম্বর পানিসম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টার কাছে স্মারকলিপি দিয়েছেন। কমিটির তিন দফা দাবির মধ্যে আছে, অবিলম্বে টিআরএম-টাইডাল রিভার ম্যানেজমেন্ট (জোয়ারাধার) চালু করা, আমডাঙা খাল দ্রুত সংস্কার এবং সাবেক প্রতিমন্ত্রী ও সচিবের বিচার।

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের এই জনপদের মানুষ দীর্ঘ ৪৪ বছর স্থায়ী জলাবদ্ধতার শিকার। ভবদহ স্লুইসগেট, পোস্তার এখন মরণফাঁদ হয়ে দাঁড়িয়েছে।

'পানি সরাও, মানুষ বাঁচাও' স্লোগানে যশোরের জলাবদ্ধ ভবদহ অঞ্চলের দুই হাজারের বেশি নারী-পুরুষ জেলা প্রশাসকের (ডিসি) কার্যালয়ের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন ৬ অক্টোবর। কর্মসূচিতে অন্তর্বর্তী সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান ভার্চুয়ালি যুক্ত হয়ে ভবদহ অঞ্চল পরিদর্শন করে সমস্যা সমাধানে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন।

যশোরবাসীর আরেকটি উদ্বেগের কারণ পলাতক আসামিদের দেশে ফিরে আসা। আলোচিত সন্ত্রাসী আনিসুর রহমান লিটন দুই দশক পর দেশে ফিরে এসেছেন। অবশ্য ৪ সেপ্টেম্বর অতিরিক্ত জেলা ও দায়রা জজ ফারজানা ইয়াসমিনের আদালতে আত্মসমর্পণ করলে বিচারক তাঁকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। ১৯৯৯ সালে অস্ত্র আইনের একটি মামলায় লিটনের

এরপর ২০ পৃষ্ঠায়



> আলাপকালে সচেতন নাগরিক কমিটির যশোর শাখার সভাপতি শাহিন ইকবাল বলেন, যানজটই যশোরের প্রধান সমস্যা। আইনশৃঙ্খলা নিয়েও জনমনে শঙ্কা আছে। কোথাও কোথাও নীরব চাঁদাবাজি চলছে। অথচ পুলিশের সক্রিয়তা চোখে পড়ছে না। ১৯৯৯ সালে সংঘটিত উদীচী হত্যার বিচার সম্পর্কে জানতে চাইলে শাহিন বলেন, গত আড়াই দশকে রাজনৈতিক কারণে তিনটি আলোচিত হত্যাকাণ্ডের একটিরও বিচার হয়নি। উদীচী, সাংবাদিক শামসুর রহমান ওরফে কেবল ও সাইফুল আলম রানা হত্যা। যখন যে দল ক্ষমতায় এসেছে, তারা মামলাকে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করেছে। ফলে প্রকৃত অপরাধীরা পার পেয়ে গেছে

# ইলিশ নিয়ে আসলে কী হচ্ছে

মো. বশিরুল ইসলাম

> তাই সবার আগে দরকার দাম কমানোর জন্য চোরাচালান রোধ করা। সিন্ডিকেট ভেঙে দেওয়া। চাঁদাবাজি বন্ধ করা। তা ছাড়া জেলেদের যাবতীয় খরচ, যেমন ডিজেলের দাম, জালের দাম, সুতা ও রশির দাম কমাতে হবে। ইলিশের একেকটি ঘাট থেকেই মুঠোফোনের মাধ্যমে পুরো দেশের ইলিশের বাজার নিয়ন্ত্রণ করা হয়। প্রশাসন যদি সত্যিকার অর্থে ঘাট নিয়ন্ত্রণ করতে পারে এবং জেলেদের সব ধরনের সুযোগ-সুবিধা নিশ্চিত করতে পারে, তবে ইলিশের দাম নাগালের মধ্যে আসবে। ইলিশ নিয়ে গবেষণা চলছে। কিন্তু কী করলে ইলিশের দাম সাধারণ মানুষের ক্রয়সীমার নাগালে আনা যাবে, সেই গবেষণা বেশি দরকার। অবশ্যই বাজার মনিটরিং জোরদার করতে হবে

চাষের মাছ, যেমন রুই, কাতলা ইত্যাদি কেনা থেকে শুরু করে রক্ষণাবেক্ষণ, খাবার, যাবতীয় খরচের পরে অবস্থাভেদে প্রতি কেজি বিক্রি হচ্ছে ২০০ থেকে ৪০০ টাকায়।

অথচ ইলিশ মাছ, যা কিনা শুধু জেলেদের ধরা থেকে শুরু করে ভোক্তা পর্যন্ত পৌঁছানোর বাইরে আর কোনো খরচ নেই, সেই মাছের দাম প্রতি কেজি ১ হাজার ৫০০ থেকে ১ হাজার ৮০০ টাকা! ইলিশ ঘাস খায় না, খড় খায় না, খইল-ভুসি বা ফিডও খায় না, ইলিশ পালতে দিনমজুরও রাখা লাগে না! তারপরও দাম এত বেশি কেন?



পুকুরে ইলিশ চাষ করা যায় কি না, টিনজাত করে ইলিশ বিক্রি করা যায় কি না-এ রকম গবেষণাও হয়েছে। তারপরও দিন দিন সাধারণ মানুষের ধরাছোঁয়ার বাইরে চলে গেছে মাছটি।

প্রাকৃতিক উৎস থেকে পাওয়া এই ইলিশের আকাশচুম্বী দাম হওয়ার যৌক্তিক কোনো কারণ নেই। তবে দাম বাড়ার সবচেয়ে বড় কারণ হিসেবে উল্লেখ্য, ইলিশ বাজারজাতে তদারকি সংস্থার দুর্বলতার কারণে শক্তিশালী সিন্ডিকেট। এ ছাড়া নদীতে অপরিকল্পিতভাবে বালু উত্তোলন, দূষণ, ডুবোচর, বাঁধ-সেতুসহ নানা অবকাঠামোর প্রভাবে ইলিশের বিচরণ বাধাগ্রস্ত হচ্ছে। তাতে মাছটির প্রজনন হুমকির মুখে পড়ছে, ভাটা পড়ছে উৎপাদনে। জ্বালানি তেলসহ নিত্যপণ্যের মূল্যের প্রভাব তো রয়েছেই; এ ছাড়া চাহিদার তুলনায় জোগান কম থাকায় দিন দিন ইলিশের দাম বাড়ছে।

মৎস্য অধিদপ্তর অবশ্য প্রতিবছর ইলিশের উৎপাদন বাড়ছে বলে তাদের পরিসংখ্যানে উল্লেখ করে। ২০০২-০৩ সালেও যেখানে বছরে ইলিশ ধরা পড়ত দুই লাখ টনের কম, সেখানে ২০২২-২৩ অর্থবছরে ইলিশ উৎপাদন হয়েছে ৫ লাখ ৭১ হাজার টন। ২০০৮-০৯ অর্থবছরে ইলিশ আহরণ ছিল ২ লাখ ৯৮ হাজার টন। এক যুগে ইলিশ আহরণ প্রায় দ্বিগুণ হয়েছে।

প্রশ্ন হলো, এ সময়ে জনসংখ্যা কি দ্বিগুণ হয়েছে? না। জনসংখ্যা ও ইলিশের উৎপাদনের সঙ্গে তুলনা করলে মাথাপিছু ইলিশের সরবরাহ বাড়ার কথা? মনে হয়, ক্রমবর্ধমান নগরায়ণ, আয় ও সম্পদবৈষম্য বৃদ্ধি ও কিছু মানুষের হাতে অসদুপায়ে অর্জিত টাকার হুড়োহুড়িতে ইলিশ মধ্যবিত্ত থেকে নিম্নবিত্তের কাছে আরও অধরা হয়েছে।

বর্তমানে ভারতে ইলিশ রপ্তানির অজুহাত দিয়ে দাম বাড়ার কথা বলে উসকে দিচ্ছে কেউ কেউ। গত পাঁচ বছরের তথ্য বিশ্লেষণে দেখা যায়, বাংলাদেশ থেকে যে পরিমাণ ইলিশ রপ্তানি হয়েছে, তা মোট উৎপাদনের মাত্র শূন্য দশমিক ২৯ শতাংশ। অর্থ ও বাণিজ্য উপদেষ্টা যথার্থই বলেছেন, 'যে ইলিশ রপ্তানি হচ্ছে, তা চাঁদপুর ঘাটের এক দিনের সমপরিমাণও নয়।' প্রশ্ন হচ্ছে, তাতে কি দেশি ভোক্তাদের ইলিশ প্রাপ্তিতে বা বাজারমূল্যে খুব বেশি ক্ষতি হয়ে গেল?

এ সমস্যার সমাধানের চিন্তার আগে কিছু প্রশ্নের উত্তর দরকার। বিশেষ করে, চড়া দামে বিক্রি হওয়া ইলিশের কত টাকা ঢোকে জেলেদের পকেটে? জাতীয় এই মাছ বিক্রিতে লাভবান হচ্ছেন কারা? এ ছাড়া নদীতে কেন ইলিশের আকাল পড়েছে? কেন ইলিশ বছরের কোনো একটি সময়ে এসেও সাধারণ মানুষের ক্রয়সীমার নাগালে আসে না?

এসব প্রশ্নের উত্তরের সঙ্গে জড়িত আছে মহাজন, ব্যাপারী, আড়তদার ও খুচরা ব্যবসায়ীদের ভূমিকা। নদী বা সমুদ্র থেকে জেলেরা মাছ ধরে ঘাটে আনার পর সে মাছের নিয়ন্ত্রণ আর তাঁদের হাতে থাকে না। সরাসরি চলে যায় মহাজনের বাক্সে। মহাজনের নিয়োজিত কর্মীরা প্রাথমিকভাবে একটি দাম নির্ধারণ করে 'ডাক' তোলেন। মাছের বাক্স ঘিরে ভিড় থাকে ব্যাপারীদের। একের পর এক দাম হাঁকানোর পর যেকোনো একজন ব্যাপারী সেই মাছ কিনে নেন।

বিদেশে এলসি হলেও আড়তদারেরা এখান থেকে মাছ কেনেন। স্থানীয় বাজারেও এখানকার মাছ বিক্রি হয়। এরপর রাজধানীসহ বিভিন্ন জেলার পাইকারি ব্যবসায়ীদের কাছে বা আড়তে পাঠানো হয়; বিশেষ করে রাজধানীর কারওয়ান বাজার ও যাত্রাবাড়ী মৎস্য আড়তদারদের কাছে। এখানে আবার ডাক তোলা হয়। ডাক শেষে বিভিন্ন বাজারে খুচরা বিক্রেতাদের থেকে ক্রেতাদের হাতে মাছ বিক্রি হয়। মহাজন থেকে শুরু করে ক্রেতা পর্যন্ত যে চার থেকে পাঁচ হাত হয়েছে, তাঁদের প্রত্যেকেই ১০ থেকে ১৫ শতাংশ লাভ করে থাকেন। এভাবেই ঘাট থেকে শুরু করে খুচরা ক্রেতা পর্যন্ত নির্ধারণ হয় ইলিশের দাম।

মৌসুমের শুরুতে জাল, ট্রলার মেরামত ও অন্যান্য খরচ মেটাতে ট্রলারমালিকদের তিন থেকে চার লাখ টাকা খরচ হয়। ট্রলারমালিক অনেক সময় আড়তদারের কাছ থেকে দাদন নেন। এই দাদনের বদলে অর্থ না দিয়ে মাছ দিতে হয়। যেসব ট্রলারমালিক দাদন নেন, তাঁরা আর কোনো দিনই জাল ছিঁড়ে বের হতে পারেন না। সমুদ্রগামী একটি ট্রলারে ১০ দিনে ১৬ জন জেলের জন্য জ্বালানি, বরফ, বাজারসদাইসহ আড়াই থেকে তিন লাখ টাকা, কখনো এরও বেশি খরচ হয়।

মাছ ধরা পড়ে যা লাভ হয়, তার অর্ধেক নেন ট্রলারমালিক। এরপর যা থাকে, তা ২০ ভাগ করা হয়। এই ২০ ভাগের মধ্যে ১৬ জন জেলের ১ ভাগ করে ১৬ ভাগ, মাঝির ২ ভাগ এবং বাবুর্চি ও ইঞ্জিনচালকের ১ ভাগ। আবার জেলেরা যদি পর্যাপ্ত ইলিশ না পান, তাহলে মোটা অঙ্কের লোকসান গুনতে হয় ট্রলারমালিকের। ফলে কোনো ট্রলারমালিক যদি অনেক ইলিশ পেয়েও যান, তিনি আগের লোকসান পুষিয়ে নিতে চান। এদিকে সাগরে আগের মতো মাছ পাওয়া যাচ্ছে না। আর বৈরী আবহাওয়া তো আছেই।

দেশে প্রতি কেজি ইলিশের খুচরা বিক্রয়মূল্য সর্বোচ্চ ৭০০ টাকা নির্ধারণ চেয়ে আইনি নোটিশ

এরপর ২৮ পৃষ্ঠায়



# আপসকামিতার পথেই কি হাঁটছে অন্তর্বর্তী সরকার

আবু তাহের খান

> মোটকথা, যে উৎসাহ ও উদ্দীপনা নিয়ে মানুষ অন্তর্বর্তী সরকারকে স্বাগত জানিয়েছিল, তা এখন কিছুটা হলেও ম্লান হতে বসেছে। কিন্তু এ সরকারকে মনে রাখতে হবে যে তাদের পক্ষে ব্যর্থ হওয়ার কোনো সুযোগ নেই। তাদের ব্যর্থ হওয়া মানে ছাত্র-জনতার অভ্যুত্থানের সমুদয় আকাঙ্ক্ষাই ব্যর্থ হয়ে যাওয়া। এমতাবস্থায় ব্যর্থতার ঝুঁকি মোকাবিলা করে নিজেদের ওপর অর্পিত দায়িত্ব পালনে সফল হতে হলে তাদেরকে অবশ্যই আপসকামিতার পথ পরিহার করে সাহস ও দৃঢ়তার সঙ্গে পুরো পরিস্থিতি মোকাবিলা করতে হবে। সে ক্ষেত্রে চারপাশ ঘিরে থাকাদের কথা শুনলেই শুধু হবে না, প্রান্তিক যে মানুষেরা, তাদের বক্তব্য কখনো ক্ষমতার কেন্দ্র পর্যন্ত পৌঁছাতে পারে না, তাদের নীরব কান্নাগুলোও শুনতে হবে



সংবাদপত্র-সম্পাদকদের সঙ্গে গত ৩ সেপ্টেম্বর অনুষ্ঠিত বৈঠকে অন্তর্বর্তী সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস রাষ্ট্র পরিচালনায় তাঁর সরকারের কোনো ভুলত্রুটি চোখে পড়লে তা ধরিয়ে দিতে গণমাধ্যমকে সোচ্চার থাকার আহ্বান জানিয়েছেন।

তাঁর এ আহ্বানে উদ্বুদ্ধ হয়ে দেশের একজন সাধারণ নাগরিক হিসেবে অন্তর্বর্তী সরকারের বিগত দুই মাসের কর্মকাণ্ডের কিছু কিছু দিক নিয়ে আশা-নিরাশা মেশানো কিছু পর্যবেক্ষণ ও প্রতিক্রিয়া এখানে তুলে ধরা হলো। উপস্থাপিত বক্তব্যকে সরকার ইতিবাচক দৃষ্টিকোণ থেকে গ্রহণ করলে সেটি জনগণের আকাঙ্ক্ষার সঙ্গে তাদের কর্মকাণ্ডের দূরত্ব কমিয়ে আনতে কিছুটা হলেও সহায়ক হবে বলে আশা করা যায়।

অন্তর্বর্তী সরকারের এ পর্যন্ত সময়ের কর্মকাণ্ডের মধ্যকার একটি বড় সাফল্য এই যে বাংলাদেশের পরিবর্তিত পরিস্থিতি সম্পর্কে তারা বিশ্বসম্প্রদায়ের কাছে একটি ইতিবাচক বার্তা পৌঁছে দিতে সক্ষম হয়েছে। বস্তুত ড. মুহাম্মদ ইউনূসের ব্যক্তিগত ভাবমূর্তি, সুখ্যাতি ও গ্রহণযোগ্যতার কারণেই এটি সম্ভব হয়েছে। আর এ ধরনের আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা তৈরি হওয়ার ফলে বাংলাদেশ তার পররাষ্ট্রনীতি নির্ধারণের ক্ষেত্রেই যে শুধু বাড়তি সুবিধা পাবে তাই নয়, একই সঙ্গে আমদানি-রপ্তানি বাণিজ্য, বৈদেশিক কর্মসংস্থান, বৈদেশিক সহায়তালাভ ইত্যাদি ক্ষেত্রেও বিশেষ সুবিধাভোগের সুযোগ পাবে বলে আশা করা যায়।

কিন্তু কথা হচ্ছে, এসব সুবিধাকে কাজে লাগানোর জন্য বাংলাদেশের রাষ্ট্রব্যবস্থা কি উপযুক্ত দক্ষতা ও পদ্ধতিগত সাবলীলতা নিয়ে প্রস্তুত আছে? মোটেও না। ফলে আন্তর্জাতিক পরিসরে অন্তর্বর্তী সরকারের ব্যাপারে যত ইতিবাচক ধারণাই তৈরি হোক না কেন, সে ধারণার সুফল আমলাতন্ত্রনির্ভর বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতি অর্জনে কতটুকু কাজে লাগানো যাবে, সে আশঙ্কা থেকেই যায়।

অবশ্য এরপরও সুনির্দিষ্ট ফলাফল পাওয়া কিছু বিষয়ের কথা এখানে উল্লেখ করা যেতে পারে, যার মধ্যে রয়েছে বিক্ষোভের দায়ে অভিযুক্ত ৫৭ বাংলাদেশি কর্মীকে মুক্ত করে ইউএই থেকে দেশে ফিরিয়ে আনা, বিশ্বব্যাংক, আইএমএফ, এডিবিসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও দেশ কর্তৃক বাংলাদেশের অর্থনৈতিক ও উন্নয়ন কর্মকাণ্ডে স্বতঃপ্রণোদিত হয়ে সহযোগিতা প্রদানের অঙ্গীকার, মালয়েশীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে ১৮ হাজার শ্রমিক নেওয়ার প্রতিশ্রুতি ইত্যাদি।



তবে রোহিঙ্গা প্রত্যাবাসন বিষয়ে প্রধান উপদেষ্টার সঙ্গে পররাষ্ট্র উপদেষ্টার বক্তব্যের মধ্যে সুস্পষ্ট স্ববিরোধিতা লক্ষ করা যাচ্ছে। প্রধান উপদেষ্টা ভয়েস অব আমেরিকাকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন, রোহিঙ্গারা আসতে চাইলে আমরা তাদের গ্রহণ করব। অন্যদিকে পররাষ্ট্র উপদেষ্টা দায়িত্ব গ্রহণের প্রথম দিন থেকেই বলে আসছেন যে আর কোনো রোহিঙ্গাকে বাংলাদেশের পক্ষে গ্রহণ করা সম্ভব নয়, যা এ দেশের সাধারণ মানুষেরও অভিব্যক্তি।

আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে অর্জিত উপরিউক্ত অগ্রগতি নিঃসন্দেহে আশাব্যঞ্জক। কিন্তু এর বিপরীতে আশাভঙ্গের যেসব কারণ ঘটছে, সেগুলোর ব্যাপ্তি ও গভীরতা বিবেচনায় নিলে চলমান পরিস্থিতিকে কিছুটা হলেও হতাশাব্যঞ্জক বলতে হবে বৈকি! মানুষ আশা করেছিল, নতুন সরকারের আমলে সাধারণের দৈনন্দিন ব্যবহার্য ভোগ্যপণ্যের দাম কমে সহনীয় পর্যায়ে নেমে আসবে। কারণ, বিগত সরকারের আমলে রাষ্ট্রীয় প্রশ্রয় ও পৃষ্ঠপোষকতায় গড়ে ওঠা কায়েমি স্বার্থবাদী সিন্ডিকেটের হাতেই ছিল পুরো বাজারব্যবস্থা, যা বর্তমান সরকারের আমলে আর থাকার কোনো কারণ নেই। কিন্তু চরম হতাশার সঙ্গে লক্ষ করা যাচ্ছে যে এ সরকারের আমলেও নিত্যপণ্যের মূল্য একরত্তি পরিমাণও হ্রাস পায়নি, বরং কোনো কোনো ক্ষেত্রে তা আরও বেড়ে গেছে। দাম কমানোর লক্ষ্যে সরকার আলু, পেঁয়াজ ইত্যাদির ওপর থেকে আমদানি শুল্ক হ্রাস করার পরও তা না কমায় ধারণা করার যথেষ্ট কারণ রয়েছে যে বাজার সিন্ডিকেট ভাঙার ক্ষেত্রে সরকার বিন্দুমাত্র সফল হতে পারেনি। আর নিত্যপণ্যের পরিবহনব্যবস্থায় সরকার সমর্থক টাউট-মাস্তান ও পুলিশের যে চাঁদাবাজি, সেটিও বন্ধ হয়নি-তা বদল হয়েছে মাত্র। এমনকি কোথাও কোথাও রাজনৈতিক পরিচয় পরিবর্তন করে ব্যক্তির পরিচয় অপরিবর্তিতই থেকে গেছে।

কোনোই সন্দেহ নেই যে ৫ আগস্টের পর থেকে ভারত সরকার ও ভারতীয় গণমাধ্যম কর্তৃক বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতন প্রসঙ্গে ব্যাপক অপপ্রচার চালানো হয়েছে, যা কমবেশি এখনো অব্যাহত আছে। কিন্তু অতি ছোট্ট ঘটনাকে উপলক্ষ করে পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের ওপর যেভাবে আক্রমণ চালানো হয়েছে, তা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। আর এসবেরই ধারাবাহিকতায় বাংলাদেশ সম্মিলিত সংখ্যালঘু জোট রাজধানীতে অহিংস সমাবেশ করে যখন অভিযোগ করে যে 'সংখ্যালঘু সম্প্রদায় ও পাহাড়ি জনগোষ্ঠী নিরাপত্তাহীনতার মধ্যে দিন কাটাচ্ছে', তখন মানতেই হবে যে সমস্যা কিছু পরিসরে হলেও নতুন করে তৈরি হয়েছে বৈকি! একই সমাবেশ থেকে এটাও বলা হয়েছে যে দুর্গাপূজায় নিরাপত্তা রক্ষায় মাদ্রাসাছাত্রদের নামিয়ে দেওয়া থেকে প্রতীয়মান হয়

এরপর ১৬ পৃষ্ঠায়

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.




বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

www.zamzamtravelus.com

ZAMZAM TRAVEL US

zamzamtravelus

November Special Luxurious Five Star

# UMRAH PACKAGE 2024

| Double | Tripple | Quad |
|---|---|---|
| $2399 | $2299 | $2199 |

Departure: Nov 6th, 2024 JFK - JED | Return: Nov 13th, 2024 MED - JFK

Departure: Nov 13th, 2024 JFK - MED | Return: Nov 20th, 2024 JED - JFK

Departure: Nov 23rd, 2024 JFK - MED | Return: Nov 30th, 2024 JED - JFK

Umrah Visa

Return Air Ticket

5 Star Accomodation Mecca & Madina



Full Transportation

Ziarat & Sightseeing Mecca & Madina

Guidance Services

Special Umrah Pre-Seminar Ihram, Guide Book & Backpack for Every Haji

October Special Luxurious Five Star

# UMRAH PACKAGE 2024

| | 1 Jummah - 8 Days | 1 Jummah - 8 Days | 1 Jummah - 8 Days |
|---|---|---|---|
| | Quad $1899 | Tripple $1999 | Double $2099 |
| | 2 Jummah - 10 Days | 2 Jummah - 10 Days | 2 Jummah - 10 Days |
| | Quad $2099 | Tripple $2199 | Double $2299 |

Departure: Oct 16th, 2024 JFK - JED | Return: Oct 26th, 2024 MED - JFK

www.zamzamtravelus.com

ZAMZAM TRAVEL US

zamzamtravelus

# RAMADAN UMRAH PACKAGE 2025

| Group | Quad | Tripple | Double | Departs | Return | Stay |
|---|---|---|---|---|---|---|
| 1st Group | $3,699 | $3,899 | $4,099 | Feb 27, 2025 | Mar 10, 2025 | Madinah - 4 Days \| Makkah - 6 Days |
| 2nd Group | $3,799 | $3,999 | $4,199 | Mar 08, 2025 | Mar 19, 2025 | Madinah - 4 Days \| Makkah - 6 Days |
| Special | $4,399 | $4,699 | $5,399 | Mar 14, 2025 | Mar 24, 2025 | Madinah - 4 Days \| Makkah - 4 Days |
| 3rd Group | $5,899 | $6,399 | $6,899 | Mar 19, 2025 | Apr 01, 2025 | Madinah - 3 Days \| Makkah - 9 Days |

* Special Umrah Pre Seminar
* 5 Star Accomodations with Seheri
* Umrah Visa and Return Air Ticket
* Full Transportation
* Ziarah & Sightseeing in Madinah & Makkah
* Ihram, Guide Book & Backpack
* 24/7 Assistant in Umrah Time

+1 (718) 395-9697

zamzamtravelus@gmail.com

37-15 73 Street (Suite-207), Jackson Heights, NY-11372

★★★★★

Special Luxurious Five Star & Economy (Customized & Group)

# Umrah Package Available

★Visa ★Ticket ★Hotel ★Transportation ★Ziarat ★Guidance Services

| | Quad | Tripple | Double |
|---|---|---|---|
| Economy Starting From | $1599 | $1699 | $1799 |
| Luxury Starting From | $1999 | $2099 | $2199 |

Special Umrah Pre-Seminar Ihram, Guide Book & Backpack for Every Haji

# ZAM ZAM TRAVEL US
জম জম ট্রাভেল ইউএস

## WORLDWIDE VISA SERVICES

• Expert Team • Premium Support
• Verified Visa Checklist • Perfect Visa Application Service

## SAUDI ARABIA 10 YEARS MULTIPLE ENTRY VISA

- Stay Up to 180 Days Per Entry
- Perform Unlimited Umrah
- Business Travel & Exploration
- Explore Educational Opportunities
- Visit Family and Friends
- Travel To Any City

INDIA VISA PROCESSING

SCHENGEN VISA PROCESSING

SAUDI ARABIA VISA PROCESSING

UAE | VISA PROCESSING
• 30 DAYS VISA • 2 YEARS VISA • 5 YEARS VISA • 10 YEARS VISA

UAE-DUBAI | FULL PACKAGE TOUR PROVIDER
• VISA • TICKET • HOTEL • TRANSPORTATION • SIGHTSEEING • GUIDANCE SERVICES

3 STAR & 5 STAR
UMRA | FULL PACKAGE PROVIDER
• VISA • TICKET • HOTEL • TRANSPORTATION • ZIARAT • GUIDANCE SERVICES

Bangladesh Plaza
37-15, 73 Street, Suite # 207
Jackson Heights, NY 11372

(718) 395-9697
zamzamtravelus@gmail.com
www.zamzamtravelus.com


BANGLADESH SOCIETY INC,
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
ELECTION 2024
২৭ অক্টোবর, ২০২৪
ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার
লক্ষ্যে জনকল্যাণে পরীক্ষিত সৎ ও নিষ্ঠাবান
ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন
A1
আতাউর রহমান সেলিম
সভাপতি
S.M. Ataur Salim President
A4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক
Mohammad Ali, General Secretary
সেলিম-আলী
পরিষদে ভোট দিন
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী
MOSTOFA ANIK RAJ
CULTURAL SECRETARY CANDIDATE
ভোট দিয়ে
জয়যুক্ত করুন
Ballot no:
A8
প্রচারে: সেলিম-আলী নির্বাচন পরিচালনা কমিটি

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

## আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের
১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান
মাল্টিপল ভিসা




USA 5 YEARS
MULTIPLE TOURIST VISA








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

# দেবী দুর্গার শুরু কোথায়?

যতীন বৈরাগী

বাঙালি হিন্দুদের সবচেয়ে বড় উৎসবের নাম দুর্গাপূজা। সাধারণত আশ্বিন মাসের শুক্লপক্ষের ষষ্ঠ দিন অর্থাৎ ষষ্ঠী থেকে দশম দিন পর্যন্ত পাঁচ দিন দুর্গোৎসব হয়। এই পাঁচটি দিন যথাক্রমে মহাষষ্ঠী, মহাসপ্তমী, মহাষ্টমী, মহানবমী ও বিজয়া দশমী নামে পরিচিত। গত শনিবার ষষ্ঠী পূজার মধ্যদিয়ে শুরু হচ্ছে বাঙালি হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দুর্গাপূজা।

বাংলাদেশ সেনাবাহিনী কুমারী পূজার সার্বিক নিরাপত্তার নিশ্চয়তা দেওয়ায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে পূজা উদযাপন কমিটি। ঢাকার বাইরে রামকৃষ্ণ মিশনের অনেক শাখায় যথারীতি কুমারী পূজা অনুষ্ঠিত হবে। ৯ অক্টোবর থেকে এবার দুর্গাপূজা শুরু হয়। ১৩ অক্টোবর প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে পাঁচ দিনব্যাপী দুর্গাপূজা সম্পন্ন হবে।

ঢাকার রামকৃষ্ণ মঠ ও মিশনের স্বামী শান্তিকরানন্দ মহারাজ (কিশোর মহারাজ) গত মঙ্গলবার জানান, এর আগে করোনা মহামারির সময়ও মহাঅষ্টমীতে কুমারী পূজা বাদ পড়েছিল। কারণ, সংক্রমণ রোধে তখন সরকারের পক্ষ থেকে বেশি লোককে এক জায়গায় একত্রিত হতে নিষেধ করা হয়েছিল। এ প্রসঙ্গে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের সভাপতি বাসুদেব ধর বলেন, কুমারী পূজার ধারাটা রামকৃষ্ণ মিশনেই সীমাবদ্ধ, এটি মিশনেই হয়। কুমারী পূজা রামকৃষ্ণ পরমহংসদেবের প্রবর্তিত একটি প্রথা। কুমারী মেয়েদের মধ্যে তিনি দেবীর উপস্থিতি দেখতেন। এ কারণে ছোট মেয়েদের তিনি অষ্টমীর দিন পূজার ব্যবস্থা করেন। ৮-১০ বছর বয়সের কুমারী মেয়েকে দেবীরূপে পূজা করা হয়।

এদিকে দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় এবার ঢাকার রামকৃষ্ণ মঠ ও মিশন মন্দিরের ভেতরে দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। মিশনের স্বামী শান্তিকরানন্দ মহারাজ এ তথ্য নিশ্চিত করে বলেন, করোনা মহামারির সময়েও সংক্রমণ রোধে মন্দিরের ভেতরে দুর্গাপূজা হয়েছিল। তাছাড়া আগে তো মন্দিরেই পূজা হতো। যখন ভক্ত সংখ্যা বেড়ে গেল, তখন মন্দিরের বাইরে আনা হয়েছে। তিনি আরও বলেন, মন্দিরের ভেতরে হলেও পূজার দিক দিয়ে কোনো কমতি হবে না। উপাচার কিংবা প্রসাদের ব্যাপারে কোনো কমতি থাকবে না। ভক্তদের জন্য যেটা দরকার সেগুলো ঠিক থাকবে।

দেবীর দুর্গার শুরু কোথায়? দেবীর ইতিহাস কী? সেই প্রাচীন যুগে দেবী এল কোথা থেকে? এসব প্রশ্নের উত্তর খুঁজে পাওয়া অত্যন্ত কঠিন। দেবী দুর্গার ঘটনা সবচেয়ে বিশদভাবে লেখা মার্কণ্ডেয় পুরাণের 'দেবী-মাহাত্ম্যে' (যাঁকে শ্রীশ্রী চণ্ডী বলা হয়)। অন্য সব পুরাণে দেবীকে পাওয়া যায় অন্যভাবে!

তবে দুর্গা নামটি শুনলেই আমাদের চোখের সামনে ভেসে ওঠে একটা দেবীপ্রতিমা। তাঁর দশ হাতে দশ রকম অস্ত্র, এক পা সিংহের পিঠে, এক পা অসুরের কাঁধে। তাঁকে ঘিরে থাকেন গণেশ, লক্ষ্মী, সরস্বতী আর কার্তিক ঠাকুর। যাঁরা সেকেলে কেতায় ঠাকুর বানান, তাঁদের ঠাকুরের পেছনে চালচিত্রে আরও নানা রকম ঠাকুর দেবতার ছবিও আঁকা থাকে। আর যাঁরা আধুনিক, তাঁরা প্রতিমার মাথার ওপর একটি ক্যালেন্ডারের শিবঠাকুর ঝুলিয়ে রাখেন। মোটামুটি এই প্রতিমা বছরের পর বছর ধরে দেখে আমরা অভ্যস্ত।



বর্তমানে যে শারদীয় দুর্গোৎসব অনুষ্ঠিত হয়, এই উৎসবকে অনেকে রামায়ণে বর্ণিত দুর্গাপূজার রূপ বলে মনে করেন। মা দুর্গার অকালবোধন এবং এর রামায়ণ যোগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করা যাক। অযোধ্যাপতি রাম ছিলেন ভগবান বিষ্ণুর সপ্তম অবতার। ১৪ বছর বনবাসকালে তাঁর স্ত্রী সীতাকে দৈত্যরাজ রাবণ অপহরণ করেন। রাবণের কবল থেকে সীতাকে মুক্ত করার জন্য রাম দৈত্যরাজা বধ করার সিদ্ধান্ত নেন। ভগবান রামচন্দ্র রাবণের প্রাণনাশে সাফল্য অর্জনের জন্য দেবী দুর্গার কৃপা কামনা করেন ও সে জন্য তিনি আদ্যাশক্তি দেবী দুর্গার আরাধনা করেন। ঐতিহ্যগতভাবে দেবী দুর্গা বসন্ত ঋতুতে পূজিত হতেন। কিন্তু যুদ্ধের কারণে রামচন্দ্র শরৎ ঋতুতে দেবীর আশীর্বাদ জন্য প্রার্থনা করেন। যদিও শরৎকাল দেবদেবীদের ঘুমের সময় বলেই জ্ঞাত। কারণ, এ সময় দিন ছোট ও রাত বড় হয় এবং রাত সাধারণত রাক্ষস জাতির পরিচায়ক বলে গণ্য করা হয়।

প্রথা অনুযায়ী দেবী দুর্গার অষ্টমী বিহিত সন্ধিপূজায় ১০৮টি নীল পদ্মের প্রয়োজন হয়, কিন্তু অনেক চেষ্টার পরেও রামচন্দ্র শুধু ১০৭টি পদ্মের ব্যবস্থা করতে পেরেছিলেন। এ সময় নিরুপায় হয়ে তিনি ১০৮তম পদ্মস্বরূপ তাঁর নিজের চোখ উপড়ে নিতে উদ্যত হন। কথিত আছে যে পতিতপাবন রামের চোখকে নীল পদ্মের সঙ্গে তুলনা করা হতো বলে তাঁর অপর নাম ছিল 'পদ্মলোচন'। যাহোক, মা দুর্গা রামের একনিষ্ঠতা দেখে খুশি হয়ে স্বয়ং রামের সামনে আবির্ভূত হন এবং দৈত্যরাজ রাবণকে যুদ্ধে পরাজিত করার জন্য রামচন্দ্রকে আশীর্বাদ করেন। মা দুর্গার এই অসময়ে আবাহন বাংলায় 'অকালবোধন' হিসেবে পরিচিত হয়। তারপর থেকেই শরৎকালে দেবী দুর্গার পূজা প্রচলিত হয়। শরৎকালীন দুর্গাপূজা শারদোৎসব নামে পরিচিত হয় এবং সমস্ত বাঙালিঅধ্যুষিত অঞ্চলে বৃহদাকারে পালিত হয়। বসন্তকালীন দুর্গাপূজা বাসন্তী পূজা নামে পরিচিত, যা ঐতিহ্যগতভাবে মূল দুর্গাপূজা হলেও শারদীয় দুর্গাপূজা উদযাপনের উন্মাদনায় তা প্রায় হারিয়ে গেছে।

যাহোক, আর্যরীতির সঙ্গে বাঙালির সৃজনশীলতা যুক্ত হয়ে দুর্গোৎসব বর্তমান রূপ ধারণ করেছে। আনন্দময়ী দুর্গতিনাশিনী মা দুর্গার আগমনবার্তায় বর্তমানে চরাচর আনন্দমুখর। আমরা দুর্গাপূজা বললেও আসলে এই পূজা মা দুর্গার একার নয়। সঙ্গে আরও অনেকেই আছেন। মা দুর্গা আসেন সবাইকে নিয়েই। ভালো-মন্দ, শত্রু-মিত্র, গাছ-প্রাণী সঙ্গে নিয়েই। চালচিত্রে শিব এরপর ১৬ পৃষ্ঠায়



“

বৎসারান্তরে সেই কন্যাকে দেখার জন্য মা মেনকার ব্যাকুল প্রার্থনা যেন প্রতিটি বাঙালি পরিবারের সর্বজনীন প্রার্থনায় পরিণত। ঘরের মেয়ে ঘরে আসবে-তাই বাঙালির ঘরে ঘরে দেখা দেয় আনন্দের শিহরণ। আমাদের এই দুঃখ-দৈন্যের ঘরে শ্বশুরবাড়ি থেকে মেয়ে আসবে মাত্র চার দিনের জন্য, তাই আর সব দুঃখ ভুলে ঘরে ঘরে আনন্দের পসরা সাজায়, নতুন জামাকাপড় পরে দুঃখকে বিদায় দিয়ে আনন্দময় হয়ে ওঠে বাংলার আকাশ-বাতাস। এভাবে একটি ধর্মীয় অনুষ্ঠানকে সামাজিক উৎসবে পরিণত করার ঘটনা পৃথিবীতে আর কোথাও পাওয়া যাবে না। মা দুর্গাকে বরণ করে নেওয়ার জন্য বাঙালির আগমনী সংগীত আমাদের জীবনপ্রবাহে মিশে যাওয়া এক অবিচ্ছেদ্য ধারা। এর তাৎপর্য হৃদয় দিয়ে, গভীর বোধ দিয়ে অনুভব করতে হয়

”

# দুর্গাপূজা যুগে যুগে

মিলন কান্তি দে

রবীন্দ্রনাথ ঠাকুর দেবী দুর্গাকে আনন্দময়ী বলে অভিহিত করেছেন। কারণ আনন্দের মাঝেই আসে জীবনের পরিপূর্ণতা। অসুর বিনাশিনীরূপে দশভূজা দেবী দুর্গার আগমন ঘটে প্রতি বছর, প্রতি শরতে। দুর্গাপূজা হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব।



পণ্ডিত অমূল্যচরণ বিদ্যাভূষণ তার 'দেবী দুর্গা' প্রবন্ধে বলেছেন, প্রাচীনকালে ঋষিরা ধ্যানের সময় আগুন না জ্বালিয়ে সেখানে 'দক্ষকন্যা' বা কুণ্ডের ওপর পীতবর্ণের মূর্তি স্থাপন করতেন। মূর্তিটি ছিল অগ্নির প্রতীক এবং তার নামকরণ করা হয়েছিল 'হব্যবাহনী'। এই মূর্তিই পরে পরিণত হলো দুর্গায়। 'কুণ্ডের দশদিক দুর্গার দশহাত' এবং বৈদিক যুগের শেষ দিকে দেখা যায় 'দক্ষকন্যা' ক্রমশঃ উমাতে পরিণত হলেন। রমাপ্রসাদ চন্দ্র তার এক নিবন্ধে বলেন, দুর্গাপূজার যত প্রাচীন উৎসবই খুঁজি না কেন, সবচেয়ে প্রাচীন যে মহিষমর্দিনীর মূর্তিটি পাওয়া গেছে, তা পঞ্চম শতাব্দীর। গবেষকদের আলোচনায় জানা যায়, সভ্যতার তিনটি পর্যায়ে মানুষ তিন রকমের পূজা করতেন। সাত্ত্বিকী পূজায় দেওয়া হয় নৈবেদ্য। তবে তা আমিষ নয়, করা হয় জপ ও যজ্ঞ। রাজসী পূজায় দেওয়া হতো বলি এবং নৈবেদ্য হতো আমিষের। তাপসী পূজায় জপ, যজ্ঞ, মন্ত্র কিছুই লাগত না।

তবে নৈবেদ্য দেওয়া হতো মদ-মাংস দিয়ে। দুর্গোৎসব সম্পর্কে একটি মূল্যবান গ্রন্থ আছে বিমল চন্দ্র দত্তের। ওই গ্রন্থে দেখা যায়, প্রথম শতকে কুষান যুগে, চতুর্থ-পঞ্চম শতকে গুপ্ত যুগে, সপ্তম শতকে পল্লব যুগে এবং ১১-১২ শতকে সেন বংশের আমলে দেবীর মহিষমর্দিনীর রূপ ছিল। সেই সময়ের দুর্গা প্রতিমার কিছু চিত্র এখনো আঁকা আছে মধ্য এশিয়ার তাজিকিস্তানের পেনজিকেন্ট শহরে দুটি মন্দিরের দেয়ালে। কুষান যুগে দুর্গা ছিলেন লাল পাথরের তৈরি, হাত ছিল দুটি। পায়ের নিচে সিংহ, বাঁ হাতে ত্রিশূল, ডান হাতে অভয়মুদ্রা। পাল যুগে অর্থাৎ ১২৮৯ সালে দেবীর তিনটি চোখ এবং চারটি হাত ছিল। দশভূজা অর্থাৎ দশ হাত দুর্গার আত্মপ্রকাশ ঘটে আঠারো শতকে।

বাংলাদেশে প্রথম দুর্গাপূজার প্রচলন হয় মোগল সম্রাট আকবরের রাজত্বকালে। সম্রাটের বিদূষক কুল্লুক ভট্টের পিতা উদয় নারায়ণ কুলোপুরোহিত রমেশ শাস্ত্রীর কাছে যজ্ঞানুষ্ঠানের পরামর্শ নিয়ে পূজা করেন। পরে উদয় নারায়ণের পৌত্র অর্থাৎ কুল্লুক ভট্টের পুত্র কংসনারায়ণ তাহিরপুরের রাজা হন (এখন রাজশাহী জেলায়)। পণ্ডিতরা এ বিষয়ে সবাই একমত যে, রাজা কংসনারায়ণই এ দেশে সর্বপ্রথম দুর্গাপূজা অনুষ্ঠানের উদ্যোক্তা। এই পূজায় ব্যয় হয়েছিল সেই আমলের ৯ লাখ টাকা।



বাংলাদেশের সব জেলায় ঐতিহ্যবাহী দুর্গোৎসবের বিস্তৃত বিবরণ তুলে ধরা বক্ষ্যমান নিবন্ধে সম্ভব নয়। তবু কিঞ্চিত উল্লেখ করছি। ১৮৫৭ সালের সিপাহি বিপ্লবের সময় বিক্রমপুর পরগনার ভাগ্যকুল জমিদারবাড়ির রাজা ব্রাদার্স এস্টেটের এবং সাটুরিয়া থানার বালিহাটি জমিদারবাড়ির দুর্গাপূজা আয়োজনের ব্যাপকতায় কিংবদন্তি হয়ে আছে। ঢাকা শহরে সর্বপ্রথম দুর্গোৎসবের ব্যাপক প্রচলন ঘটে নবাব সলিমুল্লাহর আমলে। সে সময় সিদ্ধেশ্বরী জমিদারবাড়ি ও বিক্রমপুর হাউসে জাঁকজমক সহকারে পূজা হতো। ১৯২২-২৩ সালে আরমানিটোলার জমিদার ছিলেন বিক্রমপুরের রাজা ব্রাদার্সের বাবা শ্রীনাথ রায়। রায়বাড়ির পূজা দেখার জন্য প্রতিদিন প্রচুর বিদেশি নাগরিক মণ্ডপে উপস্থিত থাকতেন। সমসাময়িককালে আরও যেসব জমিদার পূজার আয়োজনের জন্য বিখ্যাত হয়ে আছেন, তারা হলেন ফরাশগঞ্জের রূপলাল দাশ, রঘুনন্দন দাশ, বাংলাবাজারের গিরিশ দাশ, আরএন দাশ, কে এম দাশ, অভয় দাশ, প্যারী দাশ ও প্রেমময় দাশ। পুরান ঢাকার অনেক রাস্তাঘাট, অলিগলি এখনো সে যুগের অনেক জমিদারের নামের সাক্ষ্য বহন করছে।

লালবাগ থানার ঢাকেশ্বরী মন্দিরের পূজাও অনেক পুরোনো। অনুমান করা হয়, প্রায় ৯২ বছর ধরে এখানে নিয়মিত পূজা হয়ে আসছে। ঢাকার রামকৃষ্ণ মিশনের প্রতিষ্ঠা ১৯১৬ সালে। সেই হিসাবে এবারে পূজার বয়স ১০৩-এ পড়ল। দুর্গাপূজার কথা বলতে গেলে শাঁখারীবাজার ও তাঁতীবাজারের নাম আসবেই। শাঁখারীবাজারে প্রথম দুর্গাপূজা শুরু হয় ইংরেজ আমলের একেবারে শেষের দিকে। এককভাবে পূজাটি করেন সুরেশ্বর ধর নামে এক ব্যবসায়ী। ১৯৫৫ সালে বারোয়ারী পূজা শুরু হয় ৪৭ নম্বর বলরাম ধরের বাড়িতে। এরপর '৭০ সালে গঠিত শাঁখারীবাজারের শারদীয় পূজা সংসদের উদ্যোগে পূজা অনুষ্ঠান শুরু হয়। তাঁতী বাজারের মোক্তার ফণীভূষণ ধর নিজ বাড়িতে একক উদ্যোগে একটানা ২৫-২৬ বছর ধরে পূজা করতেন। তার শেষ পূজা ছিল '৭২ সালে। এখানকার আরও উল্লেখযোগ্য পূজা ছিল বাগানবাড়ি ও কোতোয়ালি শিবমন্দিরে। '৭১-এ মন্দিরটি পাকিস্তানি বাহিনী ধ্বংস করে। এক সময় ঢাকা শহরে কেমন প্রতিমা উঠত ১৯৪০-এর একটি পরিসংখ্যানে তা জানা যাবে। সূত্রাপুরে ১১টি, রায়েরবাজারে ৮টি, রথখোলায় ৩টি, লক্ষ্মীবাজারে ৪টি এবং ওয়ারীতে ২টি। জমিদারি প্রথা বিলুপ্তির পর দুর্গাপূজার ঐতিহ্যগত ধারারও বিচ্যুতি ঘটে।

ময়মনসিংহের মুক্তাগাছা ও গৌরীপুরের জমিদারবাড়ি, পাবনার জমিদারবাড়ি, টাঙ্গাইলের আর পি সাহার বাড়ি, নেত্রকোনার আতজিয়া, নওপাড়া, এরপর ১৬ পৃষ্ঠায়

“

মহানগর সার্বজনীন পূজা কমিটি গঠিত হয় ১৯৭৭ সালে। সংঘ মিত্র সংসদ ১৯৮২ সাল থেকে এবং নবকল্লোল গোষ্ঠী '৮৪ সাল থেকে শাঁখারীবাজারে পূজার আয়োজন করে আসছে। ২০০৮ সাল থেকে সবচেয়ে ব্যয়বহুল পূজা অনুষ্ঠিত হয়ে আসছে বনানী-গুলশান পূজামণ্ডপে। এ উপলক্ষে এ বছর তারা যুগপূর্তির বিশেষ অনুষ্ঠান করছে। সার্বজনীন পূজা কমিটির উদ্যোগে ১৯৯১ সাল থেকে অনুষ্ঠিত হচ্ছে মহালয়া। প্রতি বছরই প্রতিমার সংখ্যা বাড়ছে। এবার সারা দেশে প্রতিমার সংখ্যা ৩১ হাজার ১০০। ঢাকা শহরে এবার পূজা মণ্ডপের সংখ্যা ২৩৭। এবার দেবীর আগমন ও বিদায় একইভাবে, ঘোটকে। ধর্মপ্রাণ হিন্দুরা স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় দুর্গাতিনাশিনী দুর্গাকে আবাহন করে প্রতি বছর

”


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছে পাবেন
স্পেশাল ওমরাহ
প্যাকেজ ৳১৫৫০
ওমরাহ ভিসা-এয়ার টিকেট-হোটেল
মক্কা ও মদিনায় আমাদের আছে অভিজ্ঞ মোয়াল্লেম
IATA অনুমোদিত
ARC অনুমোদিত
সবচেয়ে কম দামের গ্যারান্টি
আমরাই দিচ্ছি ৭৪৯+
JFK-DHAKA-JFK RETURN
আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি
Emirates
BELAYET HOSSAIN (BELAL)
President & CEO
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে. এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
Emirates KUWAIT AIRWAYS QATAR SAUDI ARABIAN AIRLINES AmericanAirlines DELTA AIR LINES বিমান বাংলাদেশ এয়ারলাইনস ETIHAD
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
PHONE : 917-396-4140, 917-592-7828
E-mail : digitalonetravel@gmail.com www.digitalonetravel.com
7305 37TH ROAD, JACKSON HEIGHTS, NY 11372
OPEN 7 DAYS 11 AM-10 PM
কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
Price can be change anytime. *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)
**Call:917-282-9256**
E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

SmartTech
IT Solutions Inc.

We built your dream job in (IT)

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

Earn Yearly : 80K - 120K

Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

Ph: (917) 293-5724
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372



হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালটেন্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

